দৈনিক সংবাদ

তারিখ ... FEB. 11 2000 ...
পৃষ্ঠা ১২ কলাম ৮

46

## সংগ্রামী ছাত্রঐক্যের প্রতীক অনশন

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রো-ভিসির পদত্যাগ দাবি

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরোঃ বিএনপি ও জামাত সমর্থিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংগ্রামী ছাত্রঐক্য গতকাল বৃহস্পতিবার বিকেলে চট্টগ্রাম প্রেসক্লাব চত্বরে বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট অচলাবস্থা নিরসন, ভিসি ও প্রো-ভিসির পদত্যাগের দাবিতে প্রতীক গণঅনশন কর্মসূচি পালন করে। এতে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন নগর জামাতে ইসলামীর নায়েবে আমির শাহজাহান চৌধুরী, চঃবিঃর শিক্ষক অধ্যাপক মাহবুবুর রহমান, ছাত্রদলের কেন্দ্রীয় নেতা মাহবুবের রহমান শামীম, শিবির চঃবিঃ শাখা সভাপতি মফিজুর রহমান মঞ্জু, ছাত্রদল নেতা মোশাররফ হোসেন দীপ্তি, নূরুল মোস্তফা, মাহফুজুল ইসলাম, জসীম উদ্দিন, সাইফুর রহমান প্রমুখ নেতা।

সংহতি প্রকাশ করতে গিয়ে বক্তারা শিবিরের ৫৪ জন নেতা-কর্মীর মুক্তির দাবি করে বলেন, ভিসি ও প্রো-ভিসির পদত্যাগ ব্যতিরেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসন সম্ভব নয়। বক্তারা গত বুধবার সিন্ডিকেটের সভায় পুনর্গঠিত লিয়াজোঁ কমিটির কড়া সমালোচনা করে বলেন, পক্ষপাতদুষ্ট আগের কমিটির মতো নবগঠিত লিয়াজোঁ কমিটিও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে চরমভাবে ব্যর্থ হবে।

এদিকে গত রোববার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে রেল প্রশাসকের এক বৈঠকে শাটল ট্রেন চালানোর ব্যাপারে সমঝোতা হলেও মাত্র দুদিন আগে রেল কর্মচারীরা ট্রেন চালাতে অস্বীকৃতির কথা পুনর্ব্যক্ত করেছে। রেল চালকদের পক্ষ থেকে জানানো হয়, সকল ছাত্র সংগঠনের পক্ষ থেকে নিরাপত্তা প্রদানে নিশ্চয়তা এবং ক্ষতিপূরণ না দেয়া পর্যন্ত তাদের পক্ষে রেল চালানো সম্ভব হবে না।